



# বাংলাদেশ দলিত পরিষদ (বিডিপি)

তারিখ: ১৬ মার্চ ২০১১ ইং।

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৬ মার্চ ২০১১ ইং তারিখ বাংলাদেশ দলিত পরিষদ কর্তৃক আয়োজিত ২১ মার্চ আন্তর্জাতিক বর্নবৈষম্য বিলোপ দিবস ২০১১ উদ্‌যাপন উপলক্ষে সারাদেশে মাসব্যাপি দলিত ক্যাম্পেইনের অংশ হিসাবে রাজশাহী বিভাগের জয়পুরহাট জেলা শহরের প্রাণ কেন্দ্র কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণে মানববন্ধন ও র্যালি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ে উপস্থিত হয়ে দলিত জনগোষ্ঠীর মানবাধিকার ও মর্যাদা প্রতিষ্ঠার দাবিতে বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বরাবর জেলা প্রশাসকের মাধ্যমে স্মারকলিপি প্রদান করা হয়। জেলা প্রশাসকের পক্ষে স্মারকলিপি গ্রহণ করেন ভারপ্রাপ্ত জেলা প্রশাসক মঞ্জুরুল ইসলাম।

বাংলাদেশ দলিত পরিষদের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক অশোক দাস, সমন্বয়ক বিকাশ দাস, জয়পুরহাট জেলা দলিত পরিষদের আহবায়ক এড. বাবুল রবিদাস, মনু হরিজন, মুক্ত রবিদাস, ভবতোষ মন্ডল, দিলীপ দাসের নেতৃত্বে মানববন্ধন ও র্যালি অনুষ্ঠিত হয়। এ সময় দলিত জনগোষ্ঠীর মানুষেরা তাদের প্রতি সমাজের অস্পৃশ্যতামূলক আচরণের তীব্র নিন্দা জানিয়ে উচ্চ শিক্ষা, চাকুরী, সেবাসহ জাতীয় সংসদে দলিতদের প্রতিনিধিত্ব ও উন্নয়ন নীতিমালায় দলিত ইস্যু অস্বীকারের দাবী জানান। মানববন্ধনে দলিতদের দাবির প্রতি সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন জয়পুরহাট জেলা কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক দেওয়ান বদিউজ্জামান, জেলা গণফোরামের সাধারণ সম্পাদক মামুনুর রশিদ প্রমুখ। স্মারকলিপি প্রদানান্তর সংক্ষিপ্ত সভায় বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত জেলা প্রশাসক মঞ্জুরুল ইসলাম। এ সময় আরও উপস্থিত ছিলেন পৌরসভা মেয়র আবদুল আজিজ মোল্যা, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি অধ্যক্ষ খাজা শামসুল আলম।

বক্তারা বলেন, আমাদের সামাজিক প্রেক্ষাপটে আমরা প্রতিনিয়তই বর্নবৈষম্যের শিকার হয়ে মানবতের জীবন যাপন করছি। সারাদেশে ৫৫ লক্ষেরও বেশি দলিত জনগোষ্ঠী এই সূচী, অসূচীর বিচারে অত্যাশ্রয় মর্যাদাহীন অবস্থায় রয়েছে। অথচ পিছিয়ে পড়া দলিত জনগোষ্ঠী হিসাবে আমাদের উন্নয়নে নেই উল্লেখযোগ্য পরিকল্পনা। এ সময় বক্তারা সাংগঠনিক চেতনায় উদ্বুদ্ধ হয়ে নিজেদের আন্দোলনকে গতিশীল করার লক্ষ্যে জেলা পর্যায়ে দলিত পরিষদ গঠনসহ দলিতদের উন্নয়নে ভূমিকা রাখার আহবান জানান। সমগ্র কর্মসূচীতে প্রায় অর্ধসহস্রাধিক দলিত জনগোষ্ঠীর মানুষ অংশগ্রহণ করেন।

বার্তা প্রেরক

এড. বাবুল রবিদাস  
আহবায়ক

অস্থায়ী কেন্দ্রীয় সচিবালয়ঃ পরিত্রাণ মনিরামপুর শাখা, গ্রামঃ দুর্গাপুর, ডাক+উপজেলাঃ মনিরামপুর, যশোর।  
মোবাঃ ০১৭২০-৫৮৭১৭২, ফোনঃ ০৪২২-৭৭৮১৭৬, ইমেলঃ paritran@yahoo.com



# বাংলাদেশ দলিত পরিষদ (বিডিপি)

বাংলাদেশ দলিত পরিষদ  
জয়পুরহাট জেলা  
জব্বুরী যোগাযোগ নং: ০১৭২০-১২৪৭০২।

অস্থায়ী কেন্দ্রীয় সচিবালয়ঃ পরিত্রাণ মনিরামপুর শাখা, গ্রামঃ দুর্গাপুর, ডাক+উপজেলাঃ মনিরামপুর, যশোর।  
মোবাঃ ০১৭২০-৫৮৭১৭২, ফোনঃ ০৪২২-৭৭৮১৭৬, ইমেলঃ parittran@yahoo.com